


সম্প্রতি কক্সবাজারের একটি হোটেলে অনুষ্ঠিত ইউজিআইআইপি- ২ এর মেয়রস ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব, জনাব মঞ্জুর হোসেন

**উন্নয়নের সকল ক্ষেত্রে পিছিয়ে পড়া ও দরিদ্র জনগোষ্ঠীর সম্পৃক্ততাকে বিশেষ গুরুত্ব দিতে হবে-**

ইউজিআইআইপি- ২ এর মেয়রস ওয়ার্কশপে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব

গত ২৩ ও ২৪ মার্চ ২০১৪, ইউজিআইআইপি- ২ এর হরাইজন্টাল লার্নিং প্রোগ্রামের আওতায় প্রকল্পভূক্ত ৪৭ পৌরসভার মেয়র/ প্রতিনিধিবৃন্দের অংশগ্রহণে কক্সবাজার পৌরসভায় দু'দিনব্যাপি মেয়রস ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব, জনাব মঞ্জুর হোসেন। সভাপতিত্ব করেন, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী, জনাব শ্যামা প্রসাদ অধিকারী। প্রধান অতিথি তাঁর বক্তব্যে পৌরসভার সামগ্রিক এবং টেকসই/ স্থায়ী উন্নয়নের নিমিত্তে উন্নয়ন কর্মকা-ের পরিকল্পনা থেকে শুরু করে বাস্তবায়ন পর্যন্ত সকল ক্ষেত্রে দক্ষতা, জবাবদিহিতার পাশাপাশি পিছিয়ে পড়া, অবহেলিত এবং দরিদ্র জনগোষ্ঠীর সম্পৃক্ততার উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, উন্নয়ন একটি চলমান প্রক্রিয়া। এ প্রচেষ্টা থামিয়ে দিলে উন্নয়ন থমকে দাঁড়াবে। তাছাড়া উন্নয়ন কর্মকা-ের সকল ক্ষেত্রে অবহেলিত ও দরিদ্রদের সাথে না নিলে সামগ্রিক উন্নয়ন ব্যহত হবে। কাজেই এদের সাথে নিয়ে উন্নয়নের ক্ষেত্রে অর্হনিশি আমাদের যাত্রা অব্যহত রাখতে হবে।

সভাপতির বক্তব্যে ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী বর্জ্য ব্যবস্থাপনা ও খাদ্যে বিষক্রিয়ার বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, অস্বাস্থ্যকর পরিবেশে বিষাক্ত খাদ্য খেয়ে অসুস্থ হয়ে পড়লে উন্নত অবকাঠামো ভোগ করার মতো শক্তি তখন আর থাকবে না। কাজেই এখন থেকেই আমাদের এ বিষয়ে বিশেষ নজর দিতে হবে।

দু'দিন ব্যাপি কর্মশালায় প্রকল্পভূক্ত বিভিন্ন পৌরসভার দৃষ্টান্তমূলক সুষম চর্চার উপর ভিডিও ডকুমেন্টারী প্রদর্শন করা হয় এবং সেই সাথে মেয়রগণ নিজ নিজ এলাকার বিভিন্ন সুষম কাজের বর্ণনাও তুলে ধরেন। এছাড়াও সচিব মহোদয়ের নেতৃত্বে একটি বিশেষ টীম কক্সবাজার পৌরসভায় প্রকল্পের জেন্ডার কার্যক্রম এবং বস্তি উন্নয়ন কার্যক্রম পরিদর্শন করে প্রকল্পের কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন।

কর্মশালায় প্রকল্পভূক্ত ৪৭ পৌরসভার মেয়র ছাড়াও অন্যান্যদের মধ্যে প্রকল্প পরিচালক জনাব মোঃ শফিকুল ইসলাম আকন্দ, এশীয় উন্নয়ন ব্যাংকের সিনিয়র প্রজেক্ট অফিসার, জনাব মোঃ রফিকুল ইসলাম, কেএফডাব্লিউর সিনিয়র প্রেগ্রাম ম্যানেজার, জনাব মোঃ হাবিবুর রহমান, প্রকল্পের উপ প্রকল্প পরিচালক, জনাব মোঃ মুহিরুল ইসলাম খান ও জনাব এ কে এম রেজাউল ইসলাম, উর্ধ্বতন উপদেষ্টা, জিআইজেড, ইউজিআইআইপি-২, জনাব আব্দুল গাফ্ফার, ও জনাব রোকনউদ্দিন, জেন্ডার স্পেশালিস্ট, ইউজিআইআইপি-২, সুরাইয়া জেবিন উপস্থিত ছিলেন।